**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০২/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৩ নভেম্বর ২০১৭, ৯ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সততার সঙ্গে মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাচ্ছি : প্রধানমন্ত্রী

২। বিশ্বের সৎ পাঁচ নেতার তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় স্থানে : 'পিপলস এন্ড পলিটিকস' এর প্রতিবেদন

৩। স্বচ্ছ ও গ্রহণযোগ্যরাই মনোনয়ন পাবেন : আওয়ামী লীগের সংসদীয়দলের বৈঠকে প্রধানমন্ত্রী

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে চুক্তির প্রক্রিয়া চূড়ান্ত

৫। এক লাখ টন চাল আমদানিসহ ১৩ ক্রয়প্রস্তাব অনুমোদন

৬। সেপ্টেম্বর পর্যন্ত জব্দ হয়েছে সাড়ে ৩ কোটি ইয়াবা : অস্ত্র পাচ্ছেন মাদক নিয়ন্ত্রণ কর্মকর্তারা

৭। ১১ খাল উদ্ধারের নির্দেশ নদীরক্ষা টাস্কফোর্স কমিটির

৮। মহাসড়ক চারলেনে উন্নীতকরণে ৩০ কোটি ডলার দেবে এডিবি

৯। গাইবান্ধায় মানবতাবিরোধী অপরাধে আজিজসহ ৬ রাজাকারের ফাঁসি

১০। সরকারি চাকুরেদের আনন্দ শোভাযাত্রায় অংশ নেওয়ার নির্দেশ : ৭ মার্চের ভাষণের স্বীকৃতি

১১। আগামী পহেলা ফেব্রুয়ারিতে এসএসসি পরীক্ষা শুরু

চলমান পাতা

**১।	সততার সঙ্গে মানুষের ভাগ্য পরিবর্তনে কাজ করে যাচ্ছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মৃত্যুকে হাতের মুঠোয় নিয়ে জীবনকে বাজি রেখে বাংলার মানুষের ভাগ্য পরিবর্তনে এবং আর্থসামাজিক উন্নয়নে সততা নিয়ে কাজ করে যাচ্ছি। তাই নিজে কী পেলাম বা পেলাম না সেটি বড় কথা নয়, জনগণের ভাগ্যের পরিবর্তন করতে কতটুকু কাজ করতে পারলাম সেটিই আমার কাছে সবচেয়ে বড়। সততাই আমার মূল শক্তি। গতকাল (২২ নভেম্বর বুধবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে সৎ সরকারপ্রধান হিসেবে সারাবিশ্বের মধ্যে তৃতীয় স্থান অধিকার করায় এক প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সংসদে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী বলেন, মিয়ানমারে রোহিঙ্গা মুসলমানদের ওপর পরিচালিত হত্যাযজ্ঞসহ সকল কর্মকাণ্ড পৃথিবীর জঘন্যতম হত্যাকাণ্ডের অন্যতম। প্রধানমন্ত্রী আরও বলেন, বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিককে নিরাপদে ও সসম্মানে স্বদেশে ফিরিয়ে নেওয়ার ব্যবস্থা করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। তিনি বলেন গত ২৫ আগস্ট থেকে ২৮ অক্টোবর পর্যন্ত ৬ লাখ ২৪ হাজার রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করেছে। এর সঙ্গে পূর্বে অবস্থানরত প্রায় ৪ লাখসহ বর্তমানে ১০ লাখেরও অধিক রোহিঙ্গা বাংলাদেশে অবস্থান করছে। সংসদ নেতা জানান, মিয়ানমার নাগরিকদের বায়োমেট্রিক নিবন্ধন চলছে। গত ২০ নভেম্বর পর্যন্ত মোট ৫ লাখ ৯৯ হাজার ৪৬০ জনের নিবন্ধন সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রী সংসদে কৃষি বিষয়ে বলেন, এ বছরের বন্যায় ফসলের কিছুটা ক্ষতি হওয়া সত্ত্বেও সামগ্রিকভাবে খাদ্যশস্য উৎপাদনে তেমন ঘাটতি হবে না। খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আমরা সচেষ্ট রয়েছি। সূত্র-**জনকণ্ঠ (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭)**।

**২।	বিশ্বের সৎ পাঁচ নেতার তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তৃতীয় স্থানে**
**'পিপলস এন্ড পলিটিকস' এর প্রতিবেদন**

পিপলস এন্ড পলিটিকস, বিশ্বের ৫ সরকার ও রাষ্ট্রপ্রধানকে চিহ্নিত করেছে, যাদের কোনো দুর্নীতি স্পর্শ করেনি। এদের বিদেশে কোনো ব্যাংক একাউন্টও নেই, উল্লেখ করার মতো কোনো সম্পদও নেই। বিশ্বের সবচেয়ে সৎ এই পাঁচ সরকার ও রাষ্ট্রপ্রধানের তালিকায় তৃতীয় স্থানে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ১৭৩টি দেশের সরকার ও রাষ্ট্রপ্রধানের মধ্যে এ জরিপ চালানো হয়। এতে সবচেয়ে পরিচ্ছন্ন ও সৎ সরকার প্রধান হিসেবে বিবেচিত হয়েছেন জার্মান চ্যান্সেলর এঞ্জেলা মেরকেল। সূত্র-**জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	স্বচ্ছ ও গ্রহণযোগ্যরাই মনোনয়ন পাবেন : আওয়ামী লীগের সংসদীয়দলের বৈঠকে প্রধানমন্ত্রী**

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বচ্ছ, পরিচ্ছন্ন ও গ্রহণযোগ্য নেতারাই আগামী নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাবেন। যারা এলাকায় নিজেদের অবস্থান বা গ্রহণযোগ্যতা রক্ষা করতে পারেননি, তিনি যত বড় নেতাই হোন না কেন আগামী নির্বাচনে মনোনয়ন পাবে না। দল যাকে মনোনয়ন দেবে তার পক্ষেই সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। গতকাল (২২ নভেম্বর বুধবার) সংসদ ভবনে আওয়ামী লীগের সংসদীয় দলের বৈঠকে সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী দলের মধ্যে বিভেদ, দ্বন্দ্ব ও গ্রুপিং সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে এসব নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩)।

**৪।	রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে চুক্তির প্রক্রিয়া চূড়ান্ত**

রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার লক্ষ্যে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে চুক্তির প্রক্রিয়া চূড়ান্ত হয়েছে। গতকাল (২২ নভেম্বর বুধবার) নেপিডোয় উভয় পক্ষের মধ্যে আলোচনাশেষে চুক্তির প্রক্রিয়া চূড়ান্ত করা হয়। আজ ২৩ নভেম্বর বৃহস্পতিবার পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ও মিয়ানমারের নেত্রী অং সান সুচির মধ্যে বৈঠক হবে। আর তাদের উপস্থিতিতেই উভয় পক্ষের মধ্যে এ চুক্তি স্বাক্ষর হবে বলে আশা করা হচ্ছে। নেপিডোয় আসেম পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলনশেষে রোহিঙ্গাদের ফেরাতে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে গতকাল (২২ নভেম্বর বুধবার) থেকে দুই দিনব্যাপী দ্বিপক্ষীয় বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব

দেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫)।

**৫। এক লাখ টন চাল আমদানিসহ ১৩ ক্রয়প্রস্তাব অনুমোদন**

উন্মুক্ত দরপত্রের মাধ্যমে এক লাখ টন সিদ্ধ চাল আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। ছয়টি কোম্পানি আন্তর্জাতিক বাজার থেকে এ চাল সরবরাহ করবে। এ জন্য সরকারের মোট ব্যয় হবে ৪২৭ কোটি ৭৭ লাখ ৪৪ হাজার টাকা। গতকাল (২২ নভেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদের সম্মেলনকক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ সংক্রান্ত একটি ক্রয়প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**আমাদের সময়** (পৃ.২,ক.৪), **প্রথম আলো** (পৃ.১২,ক.৫), **কালের কণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**৬। সেপ্টেম্বর পর্যন্ত জব্দ হয়েছে সাড়ে ৩ কোটি ইয়াবা : অস্ত্র পাচ্ছেন মাদক নিয়ন্ত্রণ কর্মকর্তারা**

চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত ৩ কোটি ৩৫ লাখ ১১ হাজার ২৩৪টি ইয়াবা, ২৫৯ কেজি হেরোইন, ৫ লাখ ২৪ হাজার ১৩৭ বোতল ফেনসিডিল এবং ৫২ হাজার ৯৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (২২ নভেম্বর বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে আরো শক্তিশালী ও কার্যকর করার উদ্যোগ নিয়েছে সরকার। শিগগিরই অস্ত্র পাচ্ছেন অভিযান পরিচালনায় নিয়োজিতরা। একই সঙ্গে হালনাগাদ করা হচ্ছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন। ইয়াবার সরবরাহ ঠেকাতে টেকনাফে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিশেষ জোন স্থাপনের কথাও তিনি উল্লেখ করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**৭। ১১ খাল উদ্ধারের নির্দেশ নদীরক্ষা টাস্কফোর্স কমিটির**

রাজধানীর মধ্যদিয়ে প্রবাহমান ১১টি খাল উদ্ধার করতে ঢাকা ওয়াসাকে নির্দেশ দিয়েছে সাত মন্ত্রণালয়ের সমন্বয়ে গঠিত নদীরক্ষা টাস্কফোর্স কমিটি। বুড়িগঙ্গাসহ ঢাকার চারপাশের নদীরক্ষা ও নদীর পাড়ে ২৮০ কিলোমিটার ওয়াকওয়ে নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এ কমিটি। গতকাল (২২ নভেম্বর বুধবার) সচিবালয়ে নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে নদীদূষণ রোধ, নাব্যতা ও স্বাভাবিক গতি প্রবাহ অব্যাহত রাখা সংক্রান্ত টাস্কফোর্সের ৩৬তম সভাশেষে নৌমন্ত্রী শাজাহান খান সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২)।

**৮। মহাসড়ক চারলেনে উন্নীতকরণে ৩০ কোটি ডলার দেবে এডিবি**

দক্ষিণ এশিয়া উপআঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা (সাসেক) জোটের আওতায় এলেঙ্গা থেকে হাটিকুমরুল হয়ে রংপুর পর্যন্ত মহাসড়ক উন্নয়নে অর্থ সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। ১৯০ দশমিক ৪০ কিলোমিটার মহাসড়ক চারলেনে উন্নীত করতে ৩০ কোটি মার্কিন ডলার সহায়তা দেবে সংস্থাটি। গতকাল (২২ নভেম্বর বুধবার) রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মলেন কক্ষে এডিবি ও বাংলাদেশ সরকারের মধ্যে এ ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **সংবাদ (শেষ পৃ.,ক.১), ডেইলি সান, ডেইলি স্টার** বিজনেস পাতা **(পৃ.১,ক.১)**।

**৯। গাইবান্ধায় মানবতাবিরোধী অপরাধে আজিজসহ ৬ রাজাকারের ফাঁসি**

একাত্তরে মুক্তিযুদ্ধের সময় অপহরণ, নির্যাতন ও হত্যার মতো মানবতাবিরোধী অপরাধের অভিযোগে গতকাল (২২ নভেম্বর বুধবার) গাইবান্ধার সাবেক সংসদ সদস্য জামায়াত নেতা আবু সালেহ মুহাম্মদ আব্দুল আজিজ মিয়াসহ ছয় আসামিকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ড প্রদান করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এক নম্বর অভিযোগে আসামিদের আমৃত্যু কারাদণ্ড এবং দুই ও তিন নম্বর অভিযোগে মৃত্যুদণ্ড প্রদান করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**১০। সরকারি চাকুরেদের আনন্দ শোভাযাত্রায় অংশ নেওয়ার নির্দেশ : ৭ মার্চের ভাষণের স্বীকৃতি**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের **১৯৭১** সালের ৭ মার্চের ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়ায় শনিবার (২৫ নভেম্বর) আনন্দ শোভাযাত্রার আয়োজন করেছে সরকার। এ শোভাযাত্রায় সরকারি চাকরিজীবীদের অংশ নেয়ার নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। মঙ্গলবার এ সংক্রান্ত নির্দেশনা সব মন্ত্রণালয়, বিভাগ ও বিভাগীয় কমিশনারসহ সংশ্লিষ্টদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউ নেশন (পৃ.৩,ক.৬)**।

**১১। আগামী পহেলা ফেব্রুয়ারিতে এসএসসি পরীক্ষা শুরু**

আগামী বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি প্রকাশ করা হয়েছে। আটটি সাধারণ শিক্ষা বোর্ডের এসএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি ভোকেশনাল পরীক্ষা শুরু হচ্ছে আগামী পহেলা ফেব্রুয়ারি থেকে। গতকাল (২২ নভেম্বর বুধবার) শিক্ষা মন্ত্রণালয় পরীক্ষার সময়সূচি অনুমোদন দিয়ে সংশ্লিষ্ট বোর্ড চেয়ারম্যানদের কাছে পাঠিয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ফিনানসিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন (পৃ.১,ক.৮)**।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, যায়যায়দিন, যুগান্তর, সমকাল, ডেইলি স্টার, নিউ নেশন, নিউ এজ :** ব্যাংকগুলো খেলাপি ঋণের ভারে ক্রমেই ন্যুব্জ হয়ে পড়ছে উল্লেখ করে খেলাপি ঋণের বিস্তার রোধে কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**খ.** **প্রথম আলো :** সরকারি গাড়ি ও জ্বালানির যথেচ্ছ ব্যবহার অবিলম্বে বন্ধ করার সুপারিশ।

**গ.** **সংবাদ :** যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের এক প্রতিবেদনে বন্যপ্রাণী পাচারের তালিকায় বাংলাদেশের নাম থাকাকে উদ্বেগজনক বলে উল্লেখ করে বন্যপ্রাণী পাচারের রুট ও সংশ্লিষ্ট চক্রকে ধ্বংস করার দাবি।

**ঘ.** **ইনকিলাব :** পানি উন্নয়ন বোর্ড ও রেলওয়ের মত সরকারি সংস্থার হাজার হাজার একর জমি বছরের পর বছর ধরে প্রভাবশালীদের দখলে থাকার বিষয় তুলে ধরে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **ডেইলি সান :** চট্টগ্রামের সিতাকুণ্ডের ত্রিপুরা পাড়ার অধিবাসীরা বর্তমান সভ্য সমাজের সুযোগ সুবিধা বঞ্চিত থাকার চিত্র তুলে ধরে তাদের মাঝে মৌলিক সেবাসমূহ পৌঁছে দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি স্বল্প ও দীর্ঘমেয়াদী পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **নিউজ টুডে, অবজারভার :** নারীর প্রতি সবধরনের সহিংসতাপ্রতিরাধে সমাজে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **বাংলাদেশ টুডে :** দেশে মোট জনসংখ্যার ৬৭.২ মিলিয়ন লোক দারিদ্র্যসীমার নীচে বসবাস করায় দারিদ্র্য বিমোচনে ডোনারদের দেওয়া ফান্ডের অর্থ যথাযথভাবে ব্যয় হওয়ার প্রত্যাশা।

**জ.** **নিউ এজ :** বাংলাদেশি কর্মীদের প্রবাসে কর্মসংস্থানের ব্যয় কমাতে সরকারকে প্রতারক রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে আইনি ব্যবস্থা জোরদার করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ডায়াবেটিস বিষয়ে শিক্ষা শুধু রোগীদের মধ্যেই সীমাবদ্ধ থাকলে চলবে না, একই সঙ্গে আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবসহ সকলকেই এ বিষয়ে শিক্ষার প্রয়োজন আছে।

**নিবন্ধ ও ফিচার**

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **‘গুরুত্বহীনতার সংস্কৃতি, অতঃপর’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, গুরুত্বহীনতার অপসংস্কৃতি নয় বরং গুরুত্ব দেওয়ার সংস্কৃতি সৃষ্টির মাধ্যমে সমাজ ও রাষ্ট্রের রন্ধ্রে রন্ধ্রে লুকিয়ে থাকা কুসংস্কার ও ব্যক্তিমহলের অপরাধ রোধ করা সম্ভব।

#

খাদীজা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭